



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/6/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো নতুন কাস্টার অ্যাকশন উদ্যোগ ঘোষণা করেছেন

**উদ্যোগ নেতৃস্থানীয় জাতীয় জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের সাথে পরামর্শ করে বিকশিত হয়েছে-
ইকোহেলথ অ্যালায়েন্সের ডঃ নোয়াম রস, মিনেসোটা বিশ্ববিদ্যালয়ের ড. মাইকেল অস্টারহোম
এবং CDC এর সাবেক পরিচালক ড. টম ফ্রিডেন**

**ক্রকলিন, কুইন্স, এবং ব্রুম, অরেঞ্জ এবং রকল্যান্ড কাউন্টির COVID হট স্পট মোকাবেলায় নতুন
উদ্যোগ ক্লাস্টারকে কেসের ঘনত্ব দ্বারা পরিমাপ করে**

গণ সমাবেশের পৃষ্ঠপোষকদের জরিমানা বৃদ্ধি করে 15,000 মার্কিন ডলার

ন্যূনতম 14 দিনের জন্য নতুন নিয়ম ও বিধিনিষেধ

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ক্রকলিন, কুইন্স এবং ব্রুম, অরেঞ্জ এবং রকল্যান্ড কাউন্টিতে COVID-19 হট স্পট মোকাবেলার জন্য একটি নতুন কাস্টার অ্যাকশন উদ্যোগের কথা ঘোষণা দিয়েছেন। শীর্ষ জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের সাথে কাজ করে, নিউ ইয়র্ক স্টেট এই ক্লাস্টারগুলিকে আক্রমণ এবং ভাইরাসের আর কোন বিস্তার বন্ধ করার জন্য একটি বিজ্ঞান ভিত্তিক পদ্ধতি উদ্ভাবন করেছে, যার মধ্যে রয়েছে নতুন নিয়ম এবং বিধিনিষেধ যা সরাসরি উচ্চ সংখ্যক COVID কেস সংক্রমিত এলাকা এবং পার্শ্ববর্তী সম্প্রদায়ের জন্য প্রযোজ্য হবে। নতুন নিয়মগুলি ন্যূনতম 14 দিনের জন্য কার্যকর হবে।

ইকোহেলথ অ্যালায়েন্সের ডঃ নোয়াম রস, মিনেসোটা বিশ্ববিদ্যালয়ের ড. মাইকেল অস্টারহোম এবং CDC এর সাবেক পরিচালক ড. টম ফ্রিডেন সহ জাতীয় জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের পরামর্শে এই পরিকল্পনা রচনা করা হয়েছে।

"একটি ক্লাস্টার হচ্ছে যে- এটি একগুচ্ছ কেস, কেসের উচ্চ ঘনত্ব, এবং এটি সেই ক্লাস্টার থেকে প্রায় কেন্দ্রীভূত বৃত্তে বেড়ে ওঠে। পুকুরে একটা পাথর ফেলে দিলে পাথরটা ডুবে যায়, তারপর একটা বৃত্ত দুটো বৃত্ত, তিনটা বৃত্ত, আর পুকুরজুড়ে চেউয়ের বৃত্তগুলো চলতে থাকে। আপনি যখন ক্লাস্টার দেখবেন, তখন আপনাকে এই পর্যায়ে এটা থামাতে হবে," **গভর্নর কুওমো বলেছেন।**

"আমাদের কৌশল হচ্ছে ক্লাস্টারকে পিষে ফেলা এবং বিস্তার বন্ধ করা, এবং আমরা তা করার জন্য একটি বিশেষ উদ্যোগ ঘোষণা করছি। প্রথম ধাপ, আপনি ক্লাস্টারের মধ্যে সবচেয়ে নাটকীয় পদক্ষেপ

গ্রহণ করেন যেখানে আপনার কেসের সর্বোচ্চ ঘনত্ব আছে। পার্শ্ববর্তী সম্প্রদায়ের সাথে ঐ ক্লাস্টারের লোকজনের যোগাযোগ আছে তা বুঝে ক্লাস্টারের আশেপাশের কমিউনিটিতে অতিরিক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে। তারপর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে, যে সব সম্প্রদায় ঐ এলাকার বাইরে আছে তাদের জন্য ব্যবস্থা নিন।"

এই উদ্যোগ তিনটি ধাপ নিয়ে গঠিত:

1. ক্লাস্টারের মধ্যে নাটকীয় পদক্ষেপ নেওয়া।
2. ছড়িয়ে পড়া বন্ধ করতে ক্লাস্টারের আশেপাশের এলাকায় ব্যবস্থা নেওয়া।
3. বাইরের কমিউনিটিতে সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া।

এই উদ্যোগ বর্তমানে নিম্নলিখিত এলাকার ক্লাস্টারের ক্ষেত্রে প্রযোজ্য হবে:

- ব্রুম কাউন্টি (একটি এলাকা, হলুদ) - মানচিত্রের জন্য [এখানে](#) ক্লিক করুন
- ব্রুকলিন (একটি এলাকা, লাল, কমলা এবং হলুদ) - মানচিত্রের জন্য [এখানে](#) ক্লিক করুন
- অরেঞ্জ কাউন্টি (একটি এলাকা, লাল এবং হলুদ) - মানচিত্রের জন্য [এখানে](#) ক্লিক করুন
- কুইন্স (দুইটি এলাকা, লাল, কমলা এবং হলুদ) - মানচিত্রের জন্য [এখানে](#) এবং [এখানে](#) ক্লিক করুন
- রকল্যান্ড কাউন্টি (একটি এলাকা, লাল এবং হলুদ) - মানচিত্রের জন্য [এখানে](#) ক্লিক করুন

এই উদ্যোগ ক্লাস্টার এবং তাদের আশেপাশের এলাকাকে তিনটি শ্রেণীতে বিভক্ত করবে এবং প্রতিটির মধ্যে একের পর এক উচ্চতর বিধিনিষেধ আরোপ করবে:

বেড জোন - ক্লাস্টার নিজেই

- প্রার্থনা কেন্দ্র: 25 শতাংশ ধারণ ক্ষমতা, সর্বোচ্চ 10 জন
- গণ সমাবেশ: নিষিদ্ধ
- ব্যবসা: শুধুমাত্র প্রয়োজনীয় ব্যবসা খোলা
- ডাইনিং: শুধুমাত্র টেকআউট
- স্কুল: বন্ধ, শুধুমাত্র দূরবর্তী

অরেঞ্জ জোন - সতর্কীকরণ অঞ্চল

- প্রার্থনা কেন্দ্র: 33 শতাংশ ধারণ ক্ষমতা, সর্বোচ্চ 25 জন
- গণ সমাবেশ: 10 জন সর্বোচ্চ, ইনডোর এবং আউটডোর
- ব্যবসা: উচ্চ ঝুঁকিপূর্ণ অপ্রয়োজনীয় ব্যবসা বন্ধ করা, যেমন জিম এবং ব্যক্তিগত যন্ত্র
- ডাইনিং: আউটডোর ডাইনিং শুধুমাত্র, প্রতি টেবিলে সর্বোচ্চ 4 জন ব্যক্তি
- স্কুল: বন্ধ, শুধুমাত্র দূরবর্তী

ইয়েলো জোন - সতর্কতামূলক অঞ্চল

- প্রার্থনা কেন্দ্র: 50 শতাংশ ধারণ ক্ষমতা
- গণ সমাবেশ: 25 জন সর্বোচ্চ, ইনডোর এবং আউটডোর
- ব্যবসা: খোলা
- ডাইনিং: ইনডোর এবং আউটডোর ডাইনিং, প্রতি টেবিলে সর্বোচ্চ 4 জন ব্যক্তি
- স্কুল: ইন-পার্সন সেটিং এর জন্য শিক্ষার্থী এবং শিক্ষক/কর্মচারীদের বাধ্যতামূলক সাপ্তাহিক পরীক্ষার শর্তে খোলা। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (Department of Health, DOH) এর নিয়মানুযায়ী শিক্ষক এবং শিক্ষার্থী/কর্মচারীদের একটি শতাংশের শুক্রবারের মধ্যে পরীক্ষা করা প্রয়োজন।

আগামীকাল থেকে এবং শুক্রবারের আগেই এই অঞ্চলের প্রয়োগ কার্যকর হবে।

গভর্নর কুওমো এছাড়াও ঘোষণা করেছেন যে রাষ্ট্রীয় জনস্বাস্থ্য বিধি লঙ্ঘন করে গণ সমাবেশের পৃষ্ঠপোষকদের জরিমানা বৃদ্ধি করে 15,000 মার্কিন ডলার করা হবে।

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)